রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ১৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/১০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১০৫-আইন/২০২৫/০৬/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এবং কলাম (2) এ উল্লিখিত H. S. Code এর অধীন আমাদানিকৃত পণ্যের উপর আরোপনীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১ (এক) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর ও আগাম কর হইতে, নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা :—

TABLE

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 39.26 | 3926.90.99 | PVC Pallets |


**মূল্য :** টাকা ৮.০০

## শর্তাবলি

(১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant ব্লক উৎপাদনকারী (Manufacturer) হইতে হইবে;

ব্যাখ্যা—

(ক) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীনে নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এমন উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন;

(৩) ব্লক উৎপাদনকারী কর্তৃক প্রতিটি ব্লক উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য "পরিশিষ্ট" অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন; "পরিশিষ্ট" এর ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

(৪) এই প্রজ্ঞাপনে উল্লিখিত উপকরণ "পরিশিষ্ট" অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক ব্লক উৎপাদন হইতেছে কিনা তাহা নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তার অধীনস্থ সংশ্লিষ্ট ভ্যাট বিভাগের বিভাগীয় কর্মকর্তার মাধ্যমে প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন; এবং

(৫) আমদানিকৃত উপকরণ বিক্রয় বা হস্তান্তর করা এবং ব্লক উৎপাদন ব্যতিরেকে অন্য কোনো কাজে ব্যবহার করা যাইবে না।

২। কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৪ তারিখে কার্যকর হইয়াছে বলে গণ্য হইবে।

## পরিশিষ্ট

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

ব্লক তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মূসক নিবন্ধন নম্বর:

| ক্রম নং | পণ্যের নাম ও এইচ. এস. কোড | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ এর নাম (এইচ.এস. কোডসহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd